



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৪২, খাগডহর বাজার, সদর, ময়মনসিংহ।

ফোনঃ ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭,

E-mail : chairmanbisemym@gmail.com,

www.mymensingheducationboard.gov.bd

স্মারক নংঃ ময়শিবো/পনি/উমা/০৯/০৪/১৯/১৭৫

তারিখঃ ০৫/১২/২০২৪খ্রিঃ

বিষয়ঃ এইচএসসি পরীক্ষা - ২০২৪ সালের এর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট বিতরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত “ছকে” উল্লিখিত তারিখে এইচএসসি পরীক্ষা - ২০২৪ সালের এর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট কেন্দ্রভিত্তিক বোর্ডের ২নং ভবনের (খাগডহর বাজার) পরীক্ষা শাখা (৩য় তলা) হতে বিতরণ করা হবে। বর্ণিত তারিখে ভারপ্রাপ্ত কর্মকর্তা অথবা আপনার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির স্বাক্ষর সত্যায়নের মাধ্যমে পরীক্ষা শাখা হতে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

ক্রঃ নং	জেলার নাম	মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট বিতরণের তারিখ ও সময়	মন্তব্য
১	ময়মনসিংহ ও শেরপুর	০৯/১২/২৪ সকাল ১০ টা হতে দুপুর ২টা পর্যন্ত	
২	জামালপুর ও নেত্রকোণা	১০/১২/২৪ সকাল ১০ টা হতে দুপুর ২টা পর্যন্ত	

বিষয়টি অতীব জরুরি।

বিঃদ্রঃ

১. জিপিএ উন্নয়ন মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণ করার ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানকে পূর্বের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা দিতে হবে (কোন অবস্থাতেই পরীক্ষার্থীকে বোর্ডে পাঠানো যাবে না)।
২. মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণের ক্ষেত্রে কোন অবস্থাতেই চতুর্থ শ্রেণির কর্মচারীকে প্রতিনিধি হিসেবে ক্ষমতা প্রদান করা যাবে না।
৩. মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণের ক্ষেত্রে পরীক্ষা নিয়ন্ত্রকের স্বাক্ষর ও সংখ্যা সঠিক আছে কিনা তা গণনা করে নিতে হবে, পরবর্তীতে এ বিষয়ে কোন আপত্তি গ্রহণ করা হবে না।
৪. প্রত্যেক কেন্দ্র বোর্ড থেকে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণ করার তারিখ থেকে ০৩(তিন) কর্মদিবসের মধ্যে কেন্দ্রের আওতাধীন প্রতিষ্ঠানকে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট বিতরণ করবে। মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জনিত কোন সমস্যা থাকলে তা পরীক্ষা শাখায় বিতরণ পরবর্তী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে লিখিতভাবে অবহিত করতে হবে। পরবর্তীতে এ বিষয়ে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।
৫. বোর্ড অফিস হতে কেন্দ্র প্রতিষ্ঠানে এবং কেন্দ্র প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট পৌঁছানোর জন্য পানিনিরোধক নিরাপদ ব্যাগ সাথে আনার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(প্রফেসর মোঃ সামছুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ

ফোনঃ ০২-৯৯৭৭১০৪৪২/০১৩০৯-০০১৯৮৪

E-mail: conbisemym@gmail.com

প্রাপকঃ ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষ,

ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল এইচএসসি

পরীক্ষা কেন্দ্র - ২০২৪